- ইউনিয়ন পরিষদের বাজেট প্রণয়নে চেয়ারম্যান, সদস্য, প্রশাসনিক কর্মকর্তা এবং গ্রাম পুলিশের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা এবং
- ইউনিয়ন পরিষদ কার্যপরিচালনা পদ্ধতি ও সরকারি ক্রয় পদ্ধতি সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেয়া।

কোর্সের বিষয়বস্তু

- স্থানীয় সম্পদ আহরণের মৌলিক বিষয়াদি
- ইউনিয়ন পরিষদের তহবিল গঠন ও এর ব্যবহার
- হাট-বাজার হতে ইজারা লব্ধ আয় ও ব্যবহার পদ্ধতি
- ওয়ার্ড ভিত্তিক সম্পদ চিহ্নিতকরণ (রিসোর্স ম্যাপিং)
- কর নিরূপণ ও আদায়ে অংশীজনের ভূমিকা
- কর আদায় সম্পর্কিত উত্তম চর্চা
- কর আদায়ে ইউনিয়ন পরিষদের ক্ষমতা
- স্থানীয় সম্পদ আহরণে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার
- বাজেট প্রণয়ন সংক্রান্ত মৌলিক ধারণা
- ইউনিয়ন পরিষদের বাজেটের আইনগত ভিত্তি
- বাজেট প্রণয়নে জনঅংশগ্রহণ
- বাজেট বাস্তবায়ন, বাজেট পরিবীক্ষণ ও রিপোর্টিং
- বাজেট প্রণয়ন ও বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট অংশীজনের ভূমিকা
- বাজেট অনুশীলন
- বাজেট বাস্তবায়ন, বাজেট পরিবীক্ষণ ও রিপোর্টিং-এ প্রযুক্তির ব্যবহার

৬। কোর্সের নাম: আর্থিক ও প্রশাসন ব্যবস্থাপনা কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: উপপরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয় ও উপজেলা পরিষদের কর্মচারি

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৪০ জন

কোর্সের উদ্দেশ্য: উপপরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয় ও উপজেলা পরিষদের কর্মচারিগণের সক্ষমতা বৃদ্ধি করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ আলোচনা ও ব্যাখ্যা করা
- উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ সম্পর্কে ধারণা প্রদান করা
- জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ আলোচনা ও ব্যাখ্যা করা
- অফিস ব্যবস্থাপনা (ফাইলিং, নোটিং, পত্র যোগাযোগ) সম্পর্কে ধারণা দেয়া
- সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ আলোকপাত করা

- পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ আলোচনা ও ব্যাখ্যা করা
- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ সম্পর্কে ধারণা দেয়া
- সরকারি হাট বাজারসমূহ ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি ও প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা সম্পর্কে ধারণা প্রদান করা
- সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ আলোচনা ও ব্যাখ্যা করা
- উপজেলা উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এসডিজির সাথে পরিকল্পনার সাযুজ্য স্থাপন
- কম্পিউটারের প্রাথমিক (উইনডোজ, এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট) ধারণা দেয়া।

কোর্সের বিষয়বস্তু

- বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা
- উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ
- উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ
- জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ
- অফিস ব্যবস্থাপনা (ফাইলিং, নোটিং, পত্র যোগাযোগ)
- সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ
- পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর গুরুত্বপূর্ণ বিধিসমূহ
- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪
- সরকারি হাট বাজারসমূহ ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা
- সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯
- উপজেলা উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এসডিজির সাথে পরিকল্পনার সাযুজ্য স্থাপন
- কম্পিউটারের প্রাথমিক ধারণা (উইনডোজ, এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট)
- কম্পিউটার ট্রাবলসুটিং এবং ইন্টারনেট ব্রাউজিং
- উপজেলা পর্যায়ে সুশাসন সংহতকরণ: তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

৭। কোর্সের নাম: জেলা পরিষদ সম্পর্কিত আর্থিক ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: জেলা পরিষদের কর্মচারী

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩০ জন

কোর্সের উদ্দেশ্য: - জেলা পরিষদের কার্যক্রম ও আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে কর্মচারীগণকে অবহিত করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- জেলা পরিষদ আইন, ২০০০ সম্পর্কে বিস্তারিত ও সুস্পষ্ট ধারণা প্রদান করা
- জেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা

কোর্সের বিষয়বস্তু

- জেলা পরিষদ আইন, ২০০০ এবং জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২৪ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ
- জেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা
- জেলা পরিষদের তহবিল গঠন, পরিষদের সম্পদ, বাজেট প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন
- ক্রয় পদ্ধতি এবং এর প্রয়োগ (পিপিএ ও পিপিআর)
- ক্রয় পরিকল্পনা প্রণয়ন
- ক্রয় সংক্রান্ত নথিপত্র/রেকর্ড সংরক্ষণ, অভিযোগ ও আপিল এবং রিভিউ প্যানেল
- হিসাব নিরীক্ষা ও হিসাব নিরীক্ষা আপত্তি-নিষ্পত্তি
- অফিস ব্যবস্থাপনা
- নিয়োগ-বদলি, আচরণ, শৃংখলা ও ছুটি
- সভা পরিচালনা, সভার নোটিশ জারি, কার্যপত্র ও কার্যবিবরণী প্রস্তুত



আর্থিক ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের স্থির চিত্র

৮। কোর্সের নাম: পৌরসভা পরিচালন সম্পর্কিত অবহিতকরণ প্রশিক্ষণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: পৌর প্রশাসক

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০২ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩৩ জন

কোর্সের উদ্দেশ্য: পৌরসভার প্রশাসন পরিচালনা পদ্ধতি এবং পৌরসভার নাগরিক অংশগ্রহণ পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- পৌরসভার পরিচালনা পদ্ধতি ব্যাখ্যা করা;
- পৌরসভার সম্পদসমূহ সম্পর্কে অবহিত করা;
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুযায়ী পৌরসভার সম্পদসমূহ নিয়ে আলোচনা করা
- উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে নাগরিক অংশগ্রহণ পদ্ধতি আলোচনা।

কোর্সের বিষয়বস্তু

- পৌরসভা পরিচালন প্রক্রিয়া
- নাগরিক অংশগ্রহণ
- স্থানীয় সম্পদ আহরণ
- ব্যয় ব্যবস্থাপনা
- পানি সরবরাহ ও স্যানিটেশন
- পৌরসভার কর্মচারী ব্যবস্থাপনা
- বিরোধ নিষ্পত্তি



পৌরসভা পরিচালনা সম্পর্কিত অবহিতকরণ কোর্সের স্থির চিত্র

৯। কোর্সের নাম: স্থানীয় সম্পদ আহরণ ও নাগরিক অংশগ্রহণ

কোর্সের অংশগ্রহণকারী: পৌর নির্বাহী কর্মকর্তা ও কর নির্ধারক/আদায়কারী

কোর্স বাস্তবায়নের স্থান: বিভাগ

কোর্সের মেয়াদ: ০২ দিন

কোর্সের উদ্দেশ্য

- স্থানীয় সম্পদ চিহ্নিতকরণ এবং স্বচ্ছতার সাথে মূল্যায়ন ও দক্ষতার সাথে আদায় করে পৌরসভার রাজস্ব ও হিসাব ব্যবস্থাপনার উন্নয়ন করা
- নাগরিকগণ পৌরসভা পরিচালন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে জনমুখী পৌরসভা প্রতিষ্ঠা করা। যাতে সেবার মানোন্নয়ন হয় এবং নাগরিক ও পৌরসভার মধ্যে পারস্পরিক দায়িত্ববোধ বৃদ্ধি পায়

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ সম্পর্কে বিস্তারিত ও সুস্পষ্ট ধারণা প্রদান করা
- পরিষদের কাউন্সিলরগণের দায়িত্ব ও কার্যাবলি বিষয়ে সুনির্দিষ্টভাবে অবহিত করা

- পৌরসভার আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা
- পৌরসভা এলাকায় অবস্থিত স্থানীয় সম্পদ চিহ্নিত করে আয় বৃদ্ধিতে কীভাবে ভূমিকা পালন করবে তা অবহিত করা
- ওয়ার্ড কমিটির সভাপতি, স্থায়ী কমিটির সভাপতি, পরিষদের সদস্য এবং টাউন লেভেল কো-অর্ডিনেশন কমিটি (টিএলসিসি) এর সদস্য হিসেবে কীভাবে সক্রিয় ভূমিকা পালন করবেন তা অবহিত করা
- পরিষদের যে কোনো দায়িত্ব পালনে কীভাবে দলীয় ও একক কর্মপরিকল্পনা তৈরি করতে পারবে তা হাতে-কলমে তথা অনুশীলন এর মাধ্যমে শেখানো

কোর্সের বিষয়বস্তু: দুই দিনব্যাপী কোর্সটি মোট ১৩টি অধিবেশন নিয়ে ডিজাইন করা হয়েছে।

কোর্সটির আলোচ্য বিষয়বস্তু নিম্নরূপ

- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯
- পৌরকর নির্ধারণের আইনগত ভিত্তি
- পৌরকর নির্ধারণ পদ্ধতি
- পৌরকর আদায় পদ্ধতি
- রাজস্ব আয় বৃদ্ধির কৌশল
- পৌরকর আদায়ে মেয়র ও কাউন্সিলরগণের উদ্যোগ ও ভূমিকা
- পৌর কর আদায় সম্পর্কিত ভালো শিখন

১০। কোর্সের নাম: ভান্ডার ব্যবস্থাপনা কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: পৌরসভার স্টোর কিপার

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩৫ জন

কোর্সের উদ্দেশ্য

পৌরসভার স্টোর-কিপারগণ যাতে দক্ষতার সাথে স্টোর ব্যবস্থাপনা করতে সক্ষম হন এবং পৌরসভার সম্পদের ব্যবহার আরও স্বচ্ছতার সাথে করা হয়।

কোর্সের বিষয়বস্তু

- বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থা এবং পৌরসভার ঐতিহাসিক বিবর্তন
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (সর্বশেষ সংশোধনীসহ) এবং পৌরসভার কার্য সম্পাদনে স্টোর-কিপারগণের দায়িত্ব ও কর্তব্য
- ইনভেন্টরি ম্যানেজমেন্ট: ইনভেন্টরির শ্রেণিবিভাগ, স্টক ভেরিফিকেশন ও রিকনসিলিয়েশন
- ইনভেন্টরি ম্যানেজমেন্ট: মেয়াদোত্তীর্ণ পণ্য ও অব্যবহৃত সামগ্রী ব্যবস্থাপনা, সংরক্ষণ ও নিরাপত্তা
- পণ্য সংরক্ষণের স্ট্যান্ডার্ড (Perishable, Non-Perishable and Hazardous Materials)

- সরকারি ক্রয় পরিকল্পনা প্রস্তুতকরণ
- সরকারি ক্রয় কার্য সম্পাদনে কমিটিসমূহের গঠন ও কার্যপরিধি
- স্টোর ব্যবস্থাপনায় প্রযুক্তি
- আর্থিক ব্যবস্থাপনা: বাজেট ও খরচ নিয়ন্ত্রণ, বিল/ইনভয়েস যাচাই ও পেমেন্ট প্রক্রিয়া
- স্টোর ব্যবস্থাপনায় নৈতিকতা ও সুশাসন ও জরুরী পরিস্থিতিতে প্রস্তুতি
- ডকুমেন্টেশন ও রিপোর্টিং
- মাসিক/ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতকরণ
- অডিট প্রস্তুতি ও ডকুমেন্ট আর্কাইভিং
- কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ
- প্রশিক্ষণ শেষে লব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে প্রয়োগে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন



ভান্ডার ব্যবস্থাপনা কোর্সের স্থির চিত্র

১১। কোর্সের নাম: সিটি কর্পোরেশন সম্পর্কিত অবহিতকরণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: সিটি কর্পোরেশনের ওয়ার্ড সচিব

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০২ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩০ জন

কোর্সের উদ্দেশ্য: সিটি কর্পোরেশনের প্রশাসনিক ব্যবস্থা ও বিভিন্ন আইন সম্পর্কে ওয়ার্ড সচিবগণকে অবহিত করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- সিটি কর্পোরেশনের আর্থিক বিষয়াদি সম্পর্কে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি
- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ আলোচনা ও ব্যাখ্যা
- প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগের মাধ্যমে সিটি কর্পোরেশনের বিভিন্ন সমস্যা সমাধানের পদ্ধতি সম্পর্কে ধারণা প্রদান করা
- সিটি কর্পোরেশনের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের নীতি এবং বিধি সম্পর্কে আলোকপাত করা
- অংশগ্রহণকারীগণের মধ্যে পরিচিতি, সহযোগিতা ও সহমর্মিতা দ্বারা পারস্পারিক শিখন প্লাটফর্ম তৈরি করা
- সিটি কর্পোরেশনগুলোকে আর্থিক দিক দিয়ে স্বনির্ভর করার লক্ষ্যে কর নিরূপণ ও আদায়ের ক্ষেত্রে সঠিক পদক্ষেপ নেয়া
- দুর্যোগ ব্যবস্থাপনা ও জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ এবং সামাজিক উন্নয়ন বিষয়সমূহ সম্পর্কে ধারণা দেয়া
- ওয়ার্ড সচিবগণের কর্মকাণ্ডের সাথে সম্পর্কিত বিভিন্ন সামসময়িক বিষয়ে আলোকপাত করা

কোর্সের বিষয়বস্তু: দুই দিনব্যাপী কোর্সটি মোট ১২টি অধিবেশন নিয়ে ডিজাইন করা হয়েছে। কোর্সটির আলোচ্য বিষয়বস্তু নিম্নরূপ-

- স্থানীয় সরকারের সংজ্ঞা, বৈশিষ্ট্য, প্রয়োজনীয়তা এবং সংবিধানের আলোকে স্থানীয় সরকার
- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর গুরুত্বপূর্ণ ধারাসমূহ
- সিটি কর্পোরেশনের ওয়ার্ড সচিবের দায়িত্ব ও কর্তব্য
- সিটি কর্পোরেশনের স্থায়ী কমিটি
- অফিস ব্যবস্থাপনা
- সভার কার্যপত্র ও কার্যবিবরণী লিখন ও বিতরণ
- সিটি কর্পোরেশনের সম্পদ চিহ্নিতকরণ, আহরণ ও ব্যবস্থাপনা
- সিটি কর্পোরেশনের বিভিন্ন সেবা এবং সেবা সহজীকরণ
- সিটি কর্পোরেশনের মেয়র, কাউন্সিলর এর দায়িত্ব ও কর্তব্য
- সিটি কর্পোরেশনের (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা
- সিটি কর্পোরেশনের বিভিন্ন কমিটি গঠন ও কার্যাবলি
- জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম

১২। কোর্সের নাম: সিটি কর্পোরেশনে নাগরিক সম্পৃক্ততা বিষয়ক প্রশিক্ষণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩৬ জন

কোর্সের উদ্দেশ্য: নাগরিক সম্পৃক্ততা সম্পর্কিত কার্যক্রম পরিচালনার জন্য সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের প্রাথমিক/মৌলিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- নাগরিক সম্পৃক্ততা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনের জন্য কার্যকর পরিকল্পনা প্রস্তুত করতে সহায়তা করা
- লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে নাগরিক সম্পৃক্ততার জন্য উপযুক্ত পদ্ধতি ও উপকরণসমূহ নির্বাচন করতে সহায়তা করা
- সিএলসিসি সভার আয়োজনে এবং ডবিউএলসিসি'র সভা ও কার্যক্রম বাস্তবায়নে কর্মকর্তা ও ওয়ার্ড সচিবদেরকে গাইড করতে সহায়তা করা
- নাগরিক মতামত বিবেচনায় নিয়ে বিভিন্ন সমস্যার কার্যকর সমাধান করতে সহায়তা করা

কোর্সের বিষয়বস্তু: তিন দিনব্যাপী কোর্সটি মোট ১৮টি অধিবেশন নিয়ে ডিজাইন করা হয়েছে। কোর্সটির আলোচ্য বিষয়বস্তু নিম্নরূপ:

- নাগরিক সম্পৃক্ততার ধারণা
- নাগরিক তথ্য প্রচার/সরবরাহ (আউটরিচ)
- নাগরিকদের নিকট তথ্য প্রচারের পদ্ধতি ও উপকরণসমূহ
- নাগরিক তথ্য প্রচার কার্যক্রমের পরিকল্পনা
- নাগরিক অংশগ্রহণ
- নাগরিক মতামত
- নাগরিক জরিপ

১৩। কোর্সের নাম: সিটি কর্পোরেশন বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩৬ জন

কোর্সের উদ্দেশ্য: বাজেট ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রম পরিচালনার জন্য সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের প্রাথমিক/মৌলিক জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- বাজেট ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনের জন্য কার্যকর উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করতে সহায়তা করা
- লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে বাজেট ব্যবস্থাপনার জন্য উপযুক্ত পদ্ধতি ও উপকরণসমূহ নির্বাচন করতে সহায়তা করা
- সিএলসিসি সভার আয়োজনে এবং ডবিউএলসিসি'র সভা ও কার্যক্রম বাস্তবায়নে কর্মকর্তা ও ওয়ার্ড সচিবদেরকে গাইড করতে সহায়তা করা
- নাগরিক মতামত বিবেচনায় নিয়ে বিভিন্ন সমস্যার কার্যকর সমাধান করতে সহায়তা করা

কোর্সের বিষয়বস্তু: তিন দিনব্যাপী কোর্সটি মোট ১৮টি অধিবেশন নিয়ে ডিজাইন করা হয়েছে।

কোর্সটির আলোচ্য বিষয়বস্তু নিম্নরূপ:

- BACS সম্পর্কে ধারণা
- BACS ভিত্তিক বাজেট ফর্মসমূহের সার-সংক্ষেপ
- নতুন হিসাব প্রক্রিয়া
- বাজেট মনিটরিং
- নাগরিক বাজেট



বাজেট ব্যবস্থাপনা কোর্সের স্থির চিত্র

১৪। কোর্সের নাম: সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স

কোর্সের অংশগ্রহণকারী: সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীগণ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০৩ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩০ জন

কোর্সের উদ্দেশ্য: দক্ষতার সাথে সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় করণীয় বিষয়ে সামগ্রিক ধারণা দেয়া।

সুনির্দিষ্ট উদ্দেশ্য

- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে সম্যক ধারণা প্রদান
- সিটি কর্পোরেশনের কার্যাবলি, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা
- বর্জ্য, বর্জ্য ব্যবস্থাপনা, বর্জ্য ব্যবস্থাপনার ঐতিহাসিক পটভূমি, বর্জ্য ব্যবস্থাপনায় 3R পদ্ধতি, বাংলাদেশে বর্জ্য ব্যবস্থাপনার চালচিত্র, বাংলাদেশে বর্জ্য ব্যবস্থাপনার কৌশল ও পরিকল্পনা সম্পর্কে ধারণা প্রদান
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় আইনগত বিধি বিধান সম্পর্কে অবহিত করা

- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় মেয়র, কাউন্সিলর, সিটি কর্পোরেশনের কনজারভেঙ্গি ইন্সপেক্টর, স্যানিটারি ইন্সপেক্টর এর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ব্যাখ্যা করা
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় এনজিও এবং সিবিও এর ভূমিকা সম্পর্কে অবহিত করা
- কর্মী ব্যবস্থাপনা, তদারকি ও প্রতিবেদন প্রস্তুত সম্পর্কে ধারণা প্রদান

কোর্সের বিষয়বস্তু

- সিটি কর্পোরেশনের কার্যাবলী, দায়িত্ব ও কর্তব্য
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা আইনগত বিধি বিধান
- সিটি কর্পোরেশনের তফসিল সমূহ: তফসিল- ১ হতে ৮ পর্যন্ত (বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়)
- বর্জ্য ও বর্জ্যের প্রকারভেদ: সাধারণ বর্জ্য, ইলেক্ট্রনিক বর্জ্য, বিষাক্ত ও বুকিপূর্ণ বর্জ্য, তেজস্ক্রিয় বর্জ্য, চিকিৎসা বর্জ্য
- মাঠ পরিদর্শন
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় মেয়র ও কাউন্সিলগণের দায়িত্ব ও কর্তব্য
- বর্জ্য ব্যবস্থাপনায় অন্যান্য অংশীজনের ভূমিকা
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় এনজিও এবং সিবিও এর ভূমিকা
- সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জ ও উত্তোরণের উপায়



১৬। কোর্সের নাম: শিশুদের উন্নয়নে জনসম্পৃক্তকরণ এবং সামাজিক ও আচরণগত পরিবর্তন বিষয়ক হ্যান্ডবুক ভ্যালিডেশন

কোর্সের অংশগ্রহণকারী: এনআইএলজির অনুষদ সদস্যবৃন্দ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০১ দিন

অংশগ্রহণকারীর সংখ্যা: ২৫ জন

সুনির্দিষ্ট উদ্দেশ্য- শিশুদের প্রতি আচরণগত পরিবর্তনে নাগরিকগণের সম্পৃক্ততা বৃদ্ধি এবং শিশুদের উন্নয়নে স্টেকহোল্ডারগণের সচেতনতা বৃদ্ধি করার নিমিত্ত প্রণীত হ্যান্ডবুক ভ্যালিডেশন

কর্মশালার বিষয়বস্তু:

- প্রশিক্ষণ পরিকল্পনা বিষয়ক কর্মশালার উদ্দেশ্য
- প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রশিক্ষণ উপকরণ উপস্থাপন
- প্রধান অতিথির বক্তব্য
- সভাপতির বক্তব্য
- গ্রুপ ভিত্তিক কাজ
- ১ম গ্রুপ: প্রশিক্ষণসূচি পর্যালোচনা ও মতামত প্রদান
- ২য় গ্রুপ: প্রশিক্ষণ হ্যান্ডবুক পর্যালোচনা [অধিবেশন ১ থেকে ৬]
- ৩য় গ্রুপ: প্রশিক্ষণ হ্যান্ডবুক পর্যালোচনা [অধিবেশন ৭ থেকে ১২]
- ৪র্থ গ্রুপ: অধিবেশন ভিত্তিক প্রশিক্ষণ পদ্ধতি নিরূপণ
- ১ম গ্রুপের উপস্থাপনা
- ২য় গ্রুপের উপস্থাপনা
- ৩য় গ্রুপের উপস্থাপনা
- ৪র্থ গ্রুপের উপস্থাপনা
- মডারেটরের বক্তব্য
- ধন্যবাদ জ্ঞাপন

১৭। কোর্সের নাম: শিশুদের উন্নয়নে জনসম্পৃক্তকরণ এবং সামাজিক ও আচরণগত পরিবর্তন বিষয়ক অবহিতকরণ

কোর্সের অংশগ্রহণকারী: ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি, কর্মকর্তা ও ধর্মীয় ব্যক্তিত্ব

কোর্স বাস্তবায়নের স্থান: উপজেলায়

কোর্সের মেয়াদ: ০২ দিন

প্রতি ব্যাচে অংশগ্রহণকারীর সংখ্যা: ৩০ জন

সুনির্দিষ্ট উদ্দেশ্য-

শিশুদের প্রতি আচরণগত পরিবর্তনে নাগরিকগণের সম্পৃক্ততা বৃদ্ধি এবং শিশুদের উন্নয়নে স্টেকহোল্ডারগণের সচেতনতা বৃদ্ধি করা।

কোর্সের বিষয়বস্তু:

- সামাজিক ও আচরণ পরিবর্তন
- কমিউনিটির বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ
- জনসম্পৃক্তকরণ এবং জনসম্পৃক্তকরণের গুণগত মানদণ্ড

- মূল মানদণ্ড: অংশগ্রহণ ও অন্তর্ভুক্তি
- মূল মানদণ্ড: দ্বিমুখী যোগাযোগ
- মূল মানদণ্ড: উপযোগী করা এবং স্থানীয়করণ
- মূল মানদণ্ড: স্থানীয় সক্ষমতাকে কাজে লাগানো
- শিশু বান্ধব পরিকল্পনা সম্পর্কে অবহিতকরণ এবং পরিকল্পনা ও প্রস্তুতি
- কার্যক্রম ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণ, মূল্যায়ন ও শিখন
- অংশীদারদের সাথে সমন্বয় ও একীভূতকরণে সহায়ক মানদণ্ড: সরকারি নেতৃত্ব, অংশীদারদের সাথে সমন্বয় এবং একীভূতকরণ
- সম্পদ সংগ্রহে সহায়ক মানদণ্ড: মানব সম্পদ এবং সাংগঠনিক কাঠামো, তথ্য ও উপাত্ত ব্যবস্থাপনা এবং সম্পদ সংগ্রহ ও বাজেট
- জনসম্পৃক্তকরণ সূচকসমূহ

১৮। কোর্সের নাম: গ্রাম আদালত (টিওটি)

কোর্সের অংশগ্রহণকারী: এনআইএলজির অনুষদ সদস্যবৃন্দ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০২ দিন

অংশগ্রহণকারীর সংখ্যা: ২১ জন

কোর্সের উদ্দেশ্য:

- গ্রামীণ এলাকায় কতিপয় দেওয়ানী ও ফৌজদারী বিরোধ ও বিবাদের দ্রুত ও সহজ নিষ্পত্তি নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করা
- জেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের দক্ষ প্রশিক্ষক হিসেবে গড়ে তোলা
- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারীদের একটি কার্যকর প্রশিক্ষণ প্রদান করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

গ্রামীণ জনগোষ্ঠীকে দ্রুত ও সহজে সেবা প্রদানের জন্য গ্রাম আদালত পরিচালনা করা।

গ্রাম আদালতকে কার্যকরভাবে প্রতিষ্ঠার জন্য দক্ষতা বৃদ্ধি।

সর্বোপরি এনআইএলজির অনুষদবর্গের পেশাগত দক্ষতা উন্নয়ন।

কোর্সের বিষয়বস্তু

- প্রশিক্ষণ, শিখন ও প্রশিক্ষক
- গ্রাম আদালতের ভিত্তি/শক্তি
- গ্রাম আদালতের অন্তর্নিহিত তাৎপর্য
- দাবী বা বিবাদ স্বীকার, গ্রাম আদালত গঠন, প্রাক বিচার
- গ্রাম আদালতের সিদ্ধান্ত গ্রহণ
- গ্রাম আদালতের সিদ্ধান্ত কার্যকরকরণ
- এক নজরে গ্রাম আদালত
- গ্রাম আদালতের ওপর মক ট্রায়াল

১৯। কোর্সের নাম: গ্রাম আদালত (টিওটি)

কোর্সের অংশগ্রহণকারী: ডিআরটি সদস্য

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০১ দিন

অংশগ্রহণকারীর সংখ্যা: ২০ জন

কোর্সের উদ্দেশ্য: জেলা রিসোর্স টিমের সদস্যগণের গ্রাম আদালত বিষয়ক দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্মরত জেলার উপজেলা রিসোর্স টিমের সদস্যগণের প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান।

সুনির্দিষ্ট উদ্দেশ্য-

গ্রাম আদালতের মাধ্যমে কীভাবে বিচার কার্যক্রম পরিচালিত হয় সে বিষয়ে সম্যক ধারণা প্রদান যাতে তারা কর্মরত জেলার উপজেলাসমূহের কর্মকর্তাদের (ইউআরটি সদস্যদের) প্রশিক্ষক হিসেবে প্রস্তুত করতে সক্ষম হন।

কোর্সের বিষয়বস্তু:

- সমঝোতামূলক বিচার ব্যবস্থার অন্তর্নিহিত তাৎপর্য, মামলা ও মামলার প্রকৃতি বা ধরণ
- গ্রাম আদালতের এখতিয়ার ও বিচারযোগ্য মামলা
- গ্রাম আদালত গঠনের আবেদন, সমন ও দাবী বা বিবাদ স্বীকার
- গ্রাম আদালত গঠন ও প্রাক-বিচার
- গ্রাম আদালতে সিদ্ধান্ত গ্রহণ, সিদ্ধান্ত কার্যকরকরণ
- গ্রাম আদালতের ক্ষতিপূরণ ও জরিমানা আদায়, মামলা দায়ের ও নিষ্পত্তির সময়সীমা
- গ্রাম আদালতে মামলা স্থানান্তর ও পদ্ধতি ইত্যাদি
- গ্রাম আদালতের ওপর ভিডিও প্রদর্শন
- গ্রাম আদালতের ওপর মক ট্রায়াল
- অন্তর্ভুক্তিমূলক (Inclusive) গ্রাম আদালত

২০। কোর্সের নাম: স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কিত অবহিতকরণ

কোর্সের অংশগ্রহণকারী: বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাবৃন্দ

কোর্স বাস্তবায়নের স্থান: এনআইএলজি

কোর্সের মেয়াদ: ০১ দিন

অংশগ্রহণকারীর সংখ্যা: ১০০ জন

কোর্সের উদ্দেশ্য: বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কে ধারণা প্রদান করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য-

বাংলাদেশের ৫টি স্তরের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্ব-স্ব কার্যাদি আলোচনা এবং মাঠ প্রশাসনে কর্মকর্তাদের সাথে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সম্পর্ক বিষয়ে বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সুস্পষ্ট ধারণা প্রদান করা

কোর্সের বিষয়বস্তু:

- স্থানীয় সরকার: আইনগত ভিত্তি ও ব্যবস্থাপনা কাঠামো
- বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থার গুরুত্ব
- স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইনের গুরুত্বপূর্ণ ধারাসমূহ
- বাংলাদেশের স্থানীয় সরকার: প্রেক্ষিত জেলা পরিষদ
- পৌরসভা এবং সিটি কর্পোরেশনের কাঠামো ও কার্যাবলি
- আলোচ্য বিষয়ে পর্যালোচনা এবং শিখন বিষয়ে মতবিনিময়



অধ্যায়-৪

গবেষণা ও পরিকল্পনা বিভাগ

গবেষণা ও পরিকল্পনা বিভাগে একজন পরিচালকের নেতৃত্বে একজন যুগ্মপরিচালক, সাতজন গবেষণা কর্মকর্তা, একজন পরিসংখ্যান কর্মকর্তা ও ছয়জন সহকারী গবেষণা কর্মকর্তা দায়িত্ব পালন করছেন। এছাড়া, এ বিভাগের অধীন একটি প্রকাশনা শাখা আছে। প্রকাশনা শাখায় প্রকাশনা কর্মকর্তা, সহকারী প্রকাশনা কর্মকর্তা ও প্রকাশনা সহকারী দায়িত্ব পালন করছেন।

গবেষণা ও পরিকল্পনা অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি

১. স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা
২. স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর বিভিন্ন গবেষণা প্রতিবেদন নিয়ে জার্নাল প্রকাশ করা
৩. প্রতিষ্ঠানের সাম্প্রতিক কর্মকাণ্ড নিয়ে নিউজলেটার প্রকাশ করা
৪. স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন পুস্তক, প্রশিক্ষণ ম্যানুয়াল ও প্রশিক্ষণ সহায়িকা প্রকাশ ও বিক্রয় করা
৫. গবেষণা সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন এবং কর্মশালা আয়োজন করা
৬. দেশে ও বিদেশে শিক্ষা, প্রশিক্ষণ এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা
৭. দেশি ও বিদেশি বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কার্যক্রম গ্রহণ
৮. এছাড়া স্থানীয় সরকার বিষয়ক বিষয় ভিত্তিক গবেষণা পরিচালনা করা
৯. এ বিভাগের অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যাবলি হল:
 - (ক) প্রতিষ্ঠানের গবেষণা কর্মকাণ্ডের পরিকল্পনা ও কর্মসূচী প্রণয়ন, তত্ত্বাবধান ও সমন্বয় সাধনের দায়িত্ব পালন
 - (খ) প্রতিষ্ঠানের গবেষকগণকে গবেষণা কাজে নিয়োজিত করা ও তাদের দিক নির্দেশনা প্রদান
 - (গ) গবেষণা প্রকল্প গ্রহণে কাজ করা
 - (ঘ) গবেষণা প্রতিবেদনের মান উন্নয়নে পরামর্শ প্রদান
 - (ঙ) গবেষণা কার্যক্রমের উপর সময় সময় প্রতিবেদন দাখিল এবং
 - (চ) গবেষণা বিভাগের প্রশাসনিক কার্যাদি সম্পাদন

গবেষণা বাস্তবায়ন পদ্ধতি

গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি গবেষণা নীতিমালা রয়েছে যার মাধ্যমে গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। গবেষণা প্রকল্প/সমীক্ষা কারিগরি বিশ্লেষণ ও সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি বিদ্যমান আছে।

গবেষণার জন্য বরাদ্দকৃত বাজেট অনুসারে অর্থবছর ভিত্তিতে দু'ধরনের গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালিত হয়। যেমন- (ক) একক গবেষণা অনুর্ধ্ব ২,০০,০০০/- (দুই) লক্ষ টাকা (খ) যৌথ গবেষণা অনুর্ধ্ব ৪,০০,০০০/- (চার) লক্ষ টাকা। এনআইএলজি'র সকল অনুসদ সদস্য এবং গবেষণা প্রকল্প/সমীক্ষায় যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন এনআইএলজি বহির্ভূত যে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি গবেষণা প্রকল্প/সমীক্ষা পরিচালনা করতে পারে। গবেষণা কাজে এনআইএলজি বহির্ভূত গবেষকদের উৎসাহিত করার লক্ষ্যে বছর ভিত্তিক মোট গবেষণা কর্মের ন্যূনতম এক তৃতীয়াংশ গবেষণা প্রদান করা হয়।

এ বিভাগের আওতায় প্রকাশনা শাখা রয়েছে। এ শাখা হতে প্রতি বছর দুটি জার্নাল, নিউজলেটার, প্রশিক্ষণ ম্যানুয়াল, প্রশিক্ষণ সহায়িকা, প্রতিবেদন ইত্যাদি প্রকাশিত হয়। এ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে যা সন্নিবেশিত রয়েছে।

এনআইএলজি কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়িত গবেষণা কার্যক্রম

এনআইএলজি এর গবেষকগণ

ক্র. নং	গবেষণা নম্বর	শিরোনাম	গবেষক
০১)	২৮৬	পার্বত্য জেলাসমূহে স্থানীয় সম্পদ আহরণে সমস্যা ও সম্ভাবনা: ইউনিয়ন পরিষদের উপর সমীক্ষা।	ক) জনাব মো: ওমর ফারুক পারভেজ সহকারী পরিচালক এবং খ) জনাব মো: মতিউর রহমা গ্রন্থাগারিক, এনআইএলজি
০২)	২৮৭	Efficient and Effective Utilization of Allocated Budget by Union Parishad	A Jehad Sarker Assistant Director, NILG
০৩)	২৮৮	Challenges and Opportunities in Revenue Assessment and Collection: Insights from Paurashavas	Nurul Islam Assistant Director, NILG
০৪)	২৮৯	Community Based Tourism (CBT): A Study on Union Parishads of Chattagram Hill Tracts.	a) Md. Imranur Rahman Research Officer, NILG & b) Md. Rakibul Islam Assistant Professor, Department of Local Government and Urban Development, Jatiya Kabi Kazi Nazrul Islam University
০৫)	২৯০	The Role of Village Court in Alternative Dispute Resolution: A Study	a) Moti Ahmed Research Officer, NILG b) Dr. Rasel Hussain Asstt. Professor Dept. of Sociology, East West University
০৬)	২৯১	Identification of Potential Sources of Revenue Income: A Study on Paurashava	a) Mohammed Abu Naser Beg Joint Director (R&P) & b) Md. Mahfuzar Rahman Research Officer, NILG,
০৭)	২৯২	ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রভাব নিরূপণ	ক) জনাব মোহাম্মদ আবু নাসের বেগ যুগ্মপরিচালক (গবেষণা ও পরিকল্পনা) এনআইএলজি। খ) জনাব মো: নাজিম উদ্দিন ডকুমেন্টেশন কর্মকর্তা, এনআইএলজি

এনআইএলজি বহির্ভূত গবেষকগণ

ক্র. নং	গবেষণা নম্বর	শিরোনাম	গবেষক
০১)	২৯৩	Building Resilience at the Coastline: The Nexus between LGIs and Communities in Climate Risk Management in Selected Areas of Bangladesh	Gazi Arafat Uz Zaman Markony Assistant Professor, Department of Public Administration and Governance Studies Jatiya Kabi Kazi Nazrul Islam University, Mymensingh
০২)	২৯৪	Effectiveness of Local Government Institutions' Initiatives in Climate Resilience in Bangladesh: A Study on Climate Hotspots	Md. Abu Sayem Lecturer, Department of Public Administration and Governance Studies Jatiya Kabi Kazi Nazrul Islam University, Mymensingh.
০৩)	২৯৫	Role of Local Government Institutions in Urbanization: Assessing Impact of Upazila System in Bangladesh.	a) Dr. Abdul Karim Additional Director General BARD, Comilla, b) Dr. Mizanur Rahman Director, BARD
০৪)	২৯৬	Financial Planning for Union Parishads: Identifying Trends, Projecting Revenues and Enhancing Budget Efficiency	a) Shahanaj Parvin Asstt. Professor, and b) Shahjadi Ireen Asstt. Professor, Department of Statistics Jagannath University
০৫)	২৯৭	Synergy between Environmental Governance and Sustainable Development: Appraising the role of Local Government in Rural Bangladesh.	Prof. Dr. Mohammad Tarikul Islam Department of Government & Politics, Jahangirnagar University Savar.

প্রকাশনা শাখা

২০২৪-২০২৫ অর্থবছরের প্রকাশনা শাখার উল্লেখযোগ্য কার্যাবলি

জার্নাল



এনআইএলজি প্রতি পঞ্জিকা বর্ষে The Journal of Local Government শিরোনামে দুটি জার্নাল প্রকাশ করে। গত অর্থবছরে এরই ধারাবাহিকতায় ভলিউম ৪৮ নং ১ এবং ভলিউম ৪৮নং ২ সংখ্যা প্রকাশিত হয়। দুটি সংখ্যায় প্রকাশিত প্রবন্ধের সংখ্যা ৯টি, যার বিস্তারিত বিবরণ নিম্নে ছকে বর্ণিত হলো:

ভলিউম ৪৮ নং ১ সংখ্যা প্রকাশিত প্রবন্ধের তালিকা	প্রবন্ধকার
Safe Drinking Water: Citizens Expectations and Response of Municipalities	Ranjan Kumar Guha Director Bangladesh Academy for Rural Development (BARD) Azma Mahamuda Joint Director Bangladesh Academy for Rural Development (BARD) Md. Abu Taleb Joint Director Bangladesh Academy for Rural Development (BARD)

Dynamics and Challenges of Public Participation in Paurashava Government	Nurul Islam
Nexus between E-Governance and Local Government in Providing Effective Public Service Delivery in Upazial Parishad in Bangladesh	Tanjil Ahmed Assistant Professor Department of Public Parishad and Governance Studies Jatiya Kabi Kazi Nazrul Islam University Trishal, Mymensingh
পৌর নির্বাহী কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রভাব নিরূপণ	মো: নাজিম উদ্দিন ডকুমেন্টেশন কর্মকর্তা এনআইএলজি, ঢাকা। মোহাম্মদ আবদুল জলিল মল্লিক প্রকাশনা কর্মকর্তা এনআইএলজি, ঢাকা।

ভলিউম ৪৮ নং ২ সংখ্যা প্রকাশিত প্রবন্ধের তালিকা	প্রবন্ধকার
Examining the Legal Framework for Gender Responsive Planning and Budgeting in Union and Upazila Parishads: Exploring the Link Between Policy and Women's Economic Participation in Rural Areas.	A Jihad Sarker Assistant Director NILG, Dhaka.
The Contribution of Union Parishad to Build Climate Resilience in Coastal Community of Bangladesh: A Case Study from Barguna District	Amina Sabrin Assistant Professor Department of Public Administration University of Chittagong
Preparedness of Local Government in Achieving Sustainable Development Goals in Bangladesh	Tasnuva Habib Zisan Associate Professor Department of Public Administration University of Barishal. Hosneara Dalia Assistant Professor Department of Public Administration University of Barishal.
Role of Elected Women in the Local Government: A Study on the Participation of Women Members in the Standing Committees of Union Parishad in Bangladesh	Mahmudur Rahman Saidy Lecturer, Public Administration University of Chittagong Mamtaj Uddin Ahmed Chairman, Department of Public Administration, University of Chittagong Professor, Public Administration, University of Chittagong, Chittagong.

<p>Examining Climate Change's Impact on Urban Slum Dwellers' Livelihoods: A Case Study of Mymensingh City</p>	<p>Md. Mustafizur Rahman Shetu Lecturer Department of Public Administration Bangladesh University of Professionals</p> <p>Gazi Arafat Uz-Zaman Markony Assistant Professor Department of Public Administration and Governance Studies Jatiya Kabi Kazi Nazrul Islam University</p> <p>Nazmul Hasan Assistant Professor Department of Public Administration and Governance Studies Jatiya Kabi Kazi Nazrul Islam University</p>
---	---

প্রশিক্ষণ সহায়িকা

২০২৪-২৫ অর্থ বছরে “স্থানীয় সম্পদ আহরণ এবং বাজেট ব্যবস্থাপনা” শীর্ষক ১টি হ্যান্ডবুক (২য় সংস্করণ) প্রকাশিত হয়েছে।

অধ্যায়-৫

কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ


কর্মসূচি ও মূল্যায়ন বিভাগটিতে একজন পরিচালকের নেতৃত্বে একজন যুগ্মপরিচালক দায়িত্ব পালন করেন।

কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি

১. নগর ও পল্লী এলাকার স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোকে বার্ষিক ও পঞ্চবার্ষিক কর্মসূচি প্রণয়নের বিষয়ে সহায়তা প্রদান
২. স্থানীয় পর্যায়ে বাস্তবভিত্তিক কর্মসূচি গ্রহণে পরিকল্পনা প্রণয়ন, সঠিক বাস্তবায়ন ও পর্যবেক্ষণ এবং বাস্তবায়িত প্রকল্পগুলোকে মূল্যায়ন
৩. স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারী এবং বিভিন্ন পেশাজীবীদের জন্য আয়োজিত প্রশিক্ষণের মূল্যায়ন
৪. স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতে পরিচালিত 'ডিজিটাল সেন্টার' এর নতুন নতুন কর্মসূচি গ্রহণে সহায়তা ও তাদের কার্যক্রম মূল্যায়ন
৫. প্রতিষ্ঠান সম্প্রসারণ ও শক্তিশালীকরণে উদ্যোগ গ্রহণ
৬. স্থানীয় সরকার বিষয়ক গ্রন্থ, সাময়িকী, গবেষণা প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন করা
৭. স্থানীয় সরকার এবং এর সাথে সম্পৃক্ত বিভিন্ন বিষয়ের উপর তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করা
৮. স্থানীয় সরকার বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ এবং প্রয়োজনে যৌথ কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা
৯. স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা
১০. স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং এনআইএলজি শক্তিশালীকরণে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যৌথ প্রকল্প বাস্তবায়ন এবং
১১. প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মসূচি প্রণয়ন, তত্ত্বাবধান ও সমন্বয়ের দায়িত্ব পালন

২০২৪-২০২৫ অর্থবছরের কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি

১. ষাণ্মাসিক মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ: ২০২৪-২০২৫ অর্থবছরে কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ থেকে ২টি প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। প্রথম সংখ্যাটি অর্ধবার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন এবং দ্বিতীয়টি বার্ষিক প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন। উল্লেখ্য যে, ২টি প্রতিবেদনে মোট ৮৬টি প্রশিক্ষণ ব্যাচ থেকে প্রাপ্ত ৩২৮৯ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ পূর্ব ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন ফলাফল এবং কোর্স মূল্যায়ন থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।



২. **প্রশিক্ষণ প্রভাব নিরূপণ:** ২০২৪-২০২৫ অর্থবছরে 'ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রভাব নিরূপণ' শিরোনামে প্রশিক্ষণের প্রভাব মূল্যায়ন করা হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের মধ্যে ২১ জনকে নিয়ে মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হয়েছে।

৩. **মূল্যায়ন ফলাফল অবহিতকরণ কর্মশালা:** ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়িত 'পৌর নির্বাহী কর্মকর্তাগণের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রভাব নিরূপণ' সংক্রান্ত গবেষণায় প্রাপ্ত ফলাফল অনুষদ সদস্যগণকে অবহিতকরণের জন্য কর্মশালাটি আয়োজন করা হয়েছে।

৪. **মূল্যায়ন ফরম হালনাগাদকরণ:** প্রশিক্ষণে ব্যবহৃত নিবন্ধন ফরম, কোর্স মূল্যায়ন ফরম এবং আলোচক মূল্যায়ন ফরম হালনাগাদ করা হয়েছে।

৫. **কর্মপরিকল্পনা ছক:** অনুষদ সদস্যগণের সাথে আলোচনাক্রমে প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণের শেষ দিন কর্মপরিকল্পনা ছক পূরণের জন্য ছকটি তৈরি করা হয়েছে। এটির মূল উদ্দেশ্য প্রশিক্ষণলব্ধ জ্ঞান ব্যবহার করে প্রশিক্ষণ পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে প্রশিক্ষণার্থীগণ কোন কোন কাজ করতে সক্ষম হবেন বলে মনে করেন তার একটি কর্মপরিকল্পনা তৈরি করে এনআইএলজিতে জমা দিবেন। এনআইএলজি ৬ (ছয়) মাস পর কাজগুলো করতে পেরেছে কি না তা মূল্যায়ন করবে।



www.nilg.gov.bd